গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৪৭(অংশ-১)/২০০৮/ ৯৩৬৪ তারিখঃ ২৬/০২/২০১৬ ইং

## অফিস আদেশ

বিষয়ঃ **এলজিইডি'র আওতাধীন পণ্য এবং সংশ্লিষ্ট সেবা ক্রয় সংক্রান্ত দরপত্র দলিল প্রস্তুতকরণের পূর্বে পণ্য, ইত্যাদির কারিগরী বিনির্দেশ যাচাই ও পরীক্ষার জন্য কমিটি পুনর্গঠন প্রসংগে।**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় রাজস্ব ও উন্নয়ন বাজেটের অধীনে জাতীয় ও আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ক্রয়কার্যে সম-আচরণ, অবাধ প্রতিযোগিতা ও স্বচ্ছতা আনয়নসহ সকলক্ষেত্রে পণ্য ও সেবার গুনগতমান নিশ্চিতকল্পে সর্বত্র পণ্যের একইরূপ কারিগরী বিনির্দেশ বজায় রাখার স্বার্থে পণ্য, ইত্যাদির কারিগরী বিনির্দেশ যাচাই ও পরীক্ষার জন্য অত্র অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে কমিটি পুনর্গঠণ করা হলো। ইতোপূর্বে জারিকৃত এ সংক্রান্ত সকল অফিস আদেশ বাতিল করা হলো।

**পণ্য, ইত্যাদির কারিগরী বিনির্দেশ যাচাই ও পরীক্ষা কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও ডিজাইন), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | চেয়ারম্যান |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | সদস্য |
| ৩। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | সদস্য |
| ৪। | প্রকল্প পরিচালক (জনাব মোঃ আব্দুর রশীদ খান), এমডিএসপি, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | সদস্য |
| ৫। | প্রকল্প পরিচালক (জনাব মোঃ শফিকুল ইসলাম আকন্দ), ইউজিআইআইপি-৩, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | সদস্য |
| ৬। | নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) (জনাব মোঃ মুহসীন রেজা), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | সদস্য |
| ৭। | সিনিয়র সহকারী প্রকৌশলী (জনাব মোঃ সাইফুর রহমান জোয়ার্দ্দার), প্রকিউরমেন্ট ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | সদস্য |
| ৮। | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) (জনাব মোঃ মোতাহার হোসেন), আরটিআইপি-২, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। | সদস্য |
| ৯। | প্রকল্প পরিচালক/ক্রয়কারী, সংশ্লিষ্ট প্রকল্প/ইউনিট, এলজিইডি। | সদস্য সচিব |

**কমিটির কার্য পরিধিঃ**

১। ক্রয়কারী কর্তৃক প্রস্তুতকৃত পণ্য, ইত্যাদির কারিগরি বিনির্দেশ উক্ত কমিটি পরীক্ষা, যাচাই, পুনরীক্ষণ ও অনুমোদনের জন্য সুপারিশ প্রণয়ন করবেন।
২। উক্ত কমিটি খসড়া দরপত্র দলিল (জাতীয় ও আন্তর্জাতিক) পরীক্ষাপূর্বক অনুমোদনের জন্য সুপারিশ করবেন।
৩। কমিটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-২৯ অনুসরণে প্রস্তুতকৃত বিনির্দেশ পরীক্ষা ও যাচাই করবেন এবং গোপনীয়তা রক্ষা করবেন।
৪। ১০.০ লক্ষ টাকা বা তদুর্ধ মূল্যমানের প্রাক্কলনের প্রতিটি ক্রয়ের ক্ষেত্রে এ ব্যবস্থা কার্যকর হবে।

সকল ক্রয়কারীকে কারিগরী বিনির্দেশ এর খসড়া প্রস্তুতপূর্বক নিম্নোক্ত কমিটিতে পরীক্ষা ও সুপারিশ প্রণয়নের জন্য উপস্থাপন করতে হবে। পরবর্তীতে দরপত্র আহ্বানের পূর্বে উক্ত কারিগরী বিনির্দেশ পরীক্ষা ও যাচাই কমিটির সুপারিশ অনুসারে প্রস্তুতকৃত কারিগরী বিনির্দেশে ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদন গ্রহণ করতে হবে।

২৬/২ ২০১৬

(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি,.......................... অঞ্চল, জেলাঃ......................... ।
৪। প্রকল্প পরিচালক (সকল)................................................... এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ ......................................... ।
৬। জনাব ........................................................................................ ।

D:\e-GP Letter\e-GP Letter (Proposed 13-01-16).doc